কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

Graphic Design Work



Flex ,Poster ,Card ,Cartoon , Logo ,Newspaper ,Book , Magazine & other.

9836753622

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]


HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 26 MARCH 2026 ,THURSDAY | ২৬ মার্চ ২০২৬ ,বৃহস্পতিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-114


## উত্তরবঙ্গ থেকে ছাব্বিশের বিধানসভা নির্বাচনের প্রচার শুরু করলেন মমতা বন্দ্যোপাধ্যায়





**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,২৫ মার্চ :** উত্তরবঙ্গ থেকে ছাব্বিশের বিধানসভা নির্বাচনের প্রচার শুরু করলেন তৃণমূল সুপ্রীমো মমতা বন্দ্যোপাধ্যায়। বুধবার তিনি প্রথম নির্বাচনী সভা শুরু করেন জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ি থেকে। এদিন দুপুরে তিনি ময়নাগুড়ি টাউন ক্লাব ময়দানে আয়োজিত জনসভায় বক্তব্য রাখেন ময়নাগুড়ির তৃনমূল প্রার্থী রামমোহন রায়ের সমর্থনে। এরপর হেলিকপ্টার করে তিনি যান ডাবগ্রাম ফুলবাড়ির ঠাকুরনগর জাবরাভিটা হাই স্কুল ময়দানের জনসভায়। এখানে তিনি ডাবগ্রাম ফুলবাড়ি আসনে দলীয় প্রার্থী রঞ্জন শীলশর্মার সমর্থনে আয়োজিত জনসভায় বক্তব্য রাখেন।এখানে উপস্থিত ছিলেন শিলিগুড়ি আসনের প্রার্থী গৌতম দেব, জলপাইগুড়ি আসনের প্রার্থী কৃষ্ণ দাস সহ অন্যান্য নেতৃত্ব। জাবরাভিটার সভা শেষ করে মমতা বন্দ্যোপাধ্যায় যান নকশালবাড়ির নন্দপ্রসাদ হাই স্কুল ময়দানে আয়োজিত সভায়। সেখানে তৃণমূল প্রার্থী শংকর মালাকারের সমর্থনে প্রচার করেন। প্রতিটি সভা থেকে এদিন তৃণমূল সুপ্রীমো বিজেপিকে নিশানা করেন।

## স্ট্যাটিক সারভিলেন্স টিমের নাকা চেকিং এ গ্রেপ্তার ভুয়ো "সিআইএসএফ"




**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ মার্চ :** আসন্ন বিধানসভা নির্বাচন উপলক্ষ্যে আলিপুরদুয়ার দুই নম্বর ব্লকের শোভাগঞ্জ এলাকায় বুধবার দুপুরে নাকা চেকিং পরিচালনা করছিলো স্ট্যাটিক সারভিলেন্স টিম, সাথে ছিলো কেন্দ্রীয় বাহিনী ও রাজ্য পুলিশ। সেই সময় জঙ্গলী পোষাক পরা এক ব্যক্তি কিছুটা দূর থেকে তার মোবাইল ফোন দিয়ে নাকা চেকিং এর ছবি তুলছিলো এবং নাকা চেকিং এ উঁকি ঝুঁকি মারছিলো। বিষয়টি নাকা চেকিং এ যুক্ত সকলের নজরে আসে। ঐ ব্যক্তির আচরন সন্দেহজনক মনে হওয়ায় তাকে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু করে নাকা চেকিং এ যুক্ত কর্মীরা। আটক ব্যক্তি নিজেকে সি আই এস এফ জওয়ান বলে পরিচয় দেয়। তার পরনের পোষাকে কোনো ব্যাজ নেই। আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় সি আই এস এফ এর একটি পরিচয়পত্র। সার্ভিলেন্স টিমের ম্যাজিস্ট্রেট প্রীতম দে জানান পরিচয় পত্র টিতে নামের উপর টেম্পারিং করা আছে। তারা মনে করছেন পরিচয়পত্রটি ভুয়ো। ধৃত ব্যক্তি জিজ্ঞাসাবাদে একেকবার একেকরকম কথা বলছেন বলেও জানান প্রীতম দে। আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে। ঘটনায় ব্যপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।

# ধূপগুড়িতে দুর্ঘটনার বলি এক ১০ বছরের স্কুল পড়ুয়া



**সুমিত কান্তি সরকার ,এই যুগ ,জলপাইগুড়ি ,২৫ মার্চ :** ফের একবার বেপরোয়া গাড়ির ধাক্কায় প্রাণগেলো ১০ বছরের স্কুল পড়ুয়া। শিশুটির নাম মিস্টু ঘটক। ঘটনাটি ঘটে ধূপগুড়ির ময়নাতলী এলাকায়। সকালে বাবার সঙ্গে প্রতিদিনের মতো স্কুলে যাবে বলে বাড়ি থেকে বেরিয়েছিল মিষ্টু। আর দশ জনের মত স্কুল বাসে নয় বাবার সাইকেলের পিছনে বসে স্কুলে যাচ্ছিল মিষ্টু ঘটক। ফুটফুটে ১০ বছরের মিষ্টুর পরনে সাদা স্কুলের ইউনিফর্ম। কাঁধে ব্যাগ, গলায় জলের বোতল। গ্রামের রাস্তা দিয়ে বাবা তার মেয়েকে স্কুলে দিতে যাচ্ছিলো। কে জানত হঠাৎ পেছন থেকে এত বড় বিপদ আসতে চলেছে। পিছন থেকে আচমকা লরির ধাক্কা। সাইকেল থেকে বাবা মেয়ে দুজনই লুটিয়ে পরলো রাস্তায়। লরির পেছনের চাকা উঠে গেল মিষ্টুর উপর দিয়ে। ঘটনাস্থলেই মৃত্যু ফুটফুটে ১০ বছর বয়সী মিষ্টুর। ঘটনার জেরে প্রায় তিন ঘন্টা রাস্তা অবিরোধ করে রাখে উত্তেজিত জনতা। ঘটনাস্থলে পৌঁছায় বিশাল পুলিশ বাহিনী। বার বার স্বয়ং মুখ্যমন্ত্রী কেও বলতে দেখা গিয়েছে গ্রামের রাস্তায় ভারী যানবাহন চলবে না। তাও কেন এই ছবি? প্রশাসনের ভূমিকায় প্রশ্ন তুলেছেন স্থানীয় বাসিন্দারা। কিন্তু কথা হচ্ছে গ্রামের রাস্তায় যানবাহন ঢুকবে,অনেক সময় প্রয়োজনে ঢুকতেই হয়। কিন্তু কয়েক বছরে দুর্ঘটনাগুলোর বেশিরভাগই অভিযুক্ত ডাম্পার না হলে বেপরোয়া লরি। গ্রামের রাস্তায় বলুন আর শহরের রাস্তায় এই ডাম্পার আর বেপরোয়া লরির দাপাদাপি সত্যিই ভীষণ চিন্তার বিষয় হয়ে দাঁড়িয়েছে। আর নতুন করে ট্রাক্টর ট্রলি বলার ভাষা নেই। আর এই সমস্ত গাড়িগুলির চালকের আসনে কম বয়সি যুবকরা। মানুষকে পিঁপড়ের মত মনে করে রাস্তায় দাপাদাপি চলে এদের। দেখার নেই কেউ। সাধারণ মানুষের চোখে বিরক্তি হলেও বলতে পারেন না কেউ। এরকম দুর্ঘটনার পর সাধারণ মানুষের ক্ষোভ খুব একটা অস্বাভাবিক নয়। ডাম্পার, বেপরোয়া লরি, ট্র্যাক্টর ট্রলির দাপাদাপিতে প্রাণ কেড়েছে বহু মানুষের। আজ মিষ্টু রাস্তায় পড়ে রইল সারাদিন। গ্রামের ফুটফুটে মেয়েটির মৃত্যুতে স্বাভাবিকভাবেই ক্ষোভে ফেটে পরলো বাসিন্দারা। পুলিশকে ঘিরে চলল বিক্ষোভ। পরে পুলিশি হাতক্ষেপে অবরোধ ওঠে, যান চলাচল স্বাভাবিক হয়। আর ওদিকে বাবা মেয়ের দেহ আগলে বসে রইল সারাদিন রাস্তায়। এই মর্মান্তিক দৃশ্য দেখতে হল ময়নাতলীকে। আর কোনদিন স্কুলে যাবে না মিষ্টু। তার বাবাও আর মেয়েকে স্কুলে পৌঁছে দেবে না।

# জলদাপাড়া জাতীয় উদ্যান সংলগ্ন এলাকায় হাতির হামলায় ব্যক্তির মৃত্যু





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ মার্চ :** মাদারিহাটে মঙ্গলবার গভীর রাতে এক বুনো দাঁতাল হাতি লোকালয়ে ঢুকে পড়ায় এক ব্যক্তির মৃত্যু হয়েছে। জলদাপাড়া জাতীয় উদ্যান সংলগ্ন এলাকায় এই ঘটনাকে কেন্দ্র করে মানুষ-হাতি সংঘাত নিয়ে নতুন করে উদ্বেগ তৈরি হয়েছে।মৃত ব্যক্তির নাম মন্টু সাহা (৪৫)। তিনি সাহাপাড়া এলাকার বাসিন্দা। জানা গিয়েছে, হাতিটি তাঁর বাড়িতে ঢুকে পড়লে তিনি পরিবারের ছয়জন সদস্যকে নিরাপদে সরিয়ে দিতে সক্ষম হন। কিন্তু পরে হাতিটির মুখোমুখি হয়ে পড়েন তিনি। হাতিটি শুঁড় দিয়ে তাঁকে তুলে মাটিতে আছড়ে ফেলে, ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়।পরিবারের আর্তচিৎকারে স্থানীয় বাসিন্দারা ঘটনাস্থলে ছুটে আসেন। তখন হাতিটি সেখান থেকে জঙ্গলের দিকে সরে যায়।এই ঘটনার পর মাদারিহাট এলাকায় গত অক্টোবর থেকে হাতির আক্রমণে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়াল নয়। এতে করে স্থানীয় বাসিন্দা ও বনদপ্তরের মধ্যে উদ্বেগ আরও বেড়েছে।স্থানীয় পরিবেশকর্মী সুপেন দাস জানান, এ ধরনের ঘটনার পেছনে মানুষের অযথা আতঙ্কও একটি কারণ। তিনি বলেন, “কোনও এলাকায় হাতির উপস্থিতি টের পেলেই মানুষের শান্ত ও নীরব থাকা উচিত। মন্টু সাহা যদি আতঙ্কে দৌড়ঝাঁপ না করতেন, তাহলে হয়তো এই মর্মান্তিক ঘটনা এড়ানো যেত। বনদপ্তরের বারবার সতর্কবার্তা সত্ত্বেও মানুষ তা মানছেন না।”জলদাপাড়া বন বিভাগের ডিভিশনাল ফরেস্ট অফিসার পারভীন কাসওয়ান এই ঘটনাকে দুর্ভাগ্যজনক বলে উল্লেখ করেছেন এবং জানিয়েছেন, সরকারি নিয়ম অনুযায়ী মৃতের পরিবারকে ক্ষতিপূরণ দেওয়া হবে।

# মালদহ জেলা পুলিশের বড় সাফল্য ,নির্বাচনের আগে উদ্ধার তিনটি আগ্নেয়াস্ত্র সহ গুলি ,গ্রেপ্তার পাঁচ




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,২৫ মার্চ :** মালদহ জেলা পুলিশের চাঁচল থানার পুলিশ মঙ্গলবার রাতে বিশেষ নাকা চেকিং চালিয়ে উদ্ধার করে তিনটি আগ্নেয়াস্ত্র সহ গুলি,গ্রেপ্তার করে পাঁচ জনকে। মালদহ জেলা পুলিশ সুপার অনুপম সিং বুধবার সাংবাদিক সম্মেলন করে জানান মঙ্গলবার রাতে বিশ্বস্তসূত্রে চাঁচল থানায় খবর আসে পাঁচজন ব্যক্তি দুটি মোটরসাইকেল করে বিহার থেকে অবৈধ আগ্নেয়াস্ত্র ও গুলি নিয়ে হরিশ্চন্দ্রপুর চাঁচল রোড ধরে চাঁচলের দিকে আসছে। খবর পেয়েই পুলিশ থানা এলাকার নলকুটিয়া নামক স্থানে বিশেষ নাকা চেকিং বসায়। নাকা চেকিং এ মোটরসাইকেল সহ পাঁচ ব্যক্তিকে আটক করে তল্লাশী চালানো হয়। তল্লাশীতে আটক ব্যক্তিদের হেফাজত থেকে উদ্ধার হয় তিনটি আগ্নেয়াস্ত্র সহ গুলি। আগ্নেয়াস্ত্র গুলির মধ্যে রয়েছে দুটি ওয়ান শটার সহ দুটি গুলি, আরেকটি গুলি সহ সেভেন এম এম পিস্তল। আটক ব্যক্তিদের গ্রেপ্তার করে উদ্ধার করা আগ্নেয়াস্ত্র সহ গুলি ও মোটরসাইকেল বাজেয়াপ্ত করা হয় বলে জানিয়েছে পুলিশ। ধৃতরা হলো শুখদেব সাহা (২১),অমিত কুমার সাহা (২৬),গনেশ মহলাদার (২৪),মহম্মদ রিয়াজুল (২০),মহম্মদ আমাদ (১৯), এরা সকলেই বিহারের কাটিহার এর বাসিন্দা। ধৃতদের বিরুদ্ধে চাঁচল থানায় নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে বুধবার তাদের আদালতে পাঠিয়েছে পুলিশ। প্রাথমিক ভাবে জানা গিয়েছে ধৃতরা আগ্নেয়াস্ত্র ও গুলি বিক্রির উদ্দ্যেশ্যে নিয়ে এসেছিলো। তবে সেগুলি অন্য কোনো উদ্দ্যেশ্যে নিয়ে আসা হয়েছিলো কিনা তা খতিয়ে দেখছে পুলিশ। পরবর্তী পর্যায়ের তদন্তের জন্য ধৃতদের পুলিশ রিমান্ডে নেবার জন্য আবেদন জানানো হয়েছে বলে জানান পুলিশ সুপার।

# আলুর প্যাকেট নিয়ে কালোবাজারি চলছে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ মার্চ :** আলুর প্যাকেট নিয়ে কালো বাজারি শুরু হয়েছে আলিপুরদুয়ার জেলার বিভিন্ন প্রান্তে। গত এক বছর আগেও আলুর প্যাকেটের দাম ছিল ১১ টাকা এখন সেই প্যাকেট কিন্তু হচ্ছে ৩৭ টাকা দিয়ে তবুও পর্যাপ্ত পরিমাণে প্যাকেট পাওয়া যাচ্ছে না। ডুয়ার্সের আলিপুরদুয়ার জেলায় গত কয়েক দিনের বৃষ্টিতে কৃষকদের মাথায় হাত পড়েছে আলু খেতে জল জমে যাওয়ায়। পচন ধরেছে আলুতে জলের নিচে থাকাকালীন এরপর তোলার পরেও পচন অব্যাহত আছে। গত কয়েকদিন আগেও আলুর প্যাকেট ২৫ থেকে ২৬ টাকা বিক্রি হয়েছে এখন সেই আলোর প্যাকেট ৩৭ থেকে ৪০ টাকা পর্যন্ত বিক্রি হচ্ছে। যদিও ব্যবসায়ীরা বলছেন যুদ্ধের দরুন প্যাকেট তৈরি হচ্ছে না আর এর ফলেই আলুর প্যাকেট নিয়ে কালোবাজারি শুরু হয়ে গেছে।

# মুর্শিদাবাদ জেলা পুলিশের বিশেষ অভিযানে উদ্ধার চারটি আগ্নেয়াস্ত্র সহ গুলি ,গ্রেপ্তার পাঁচ



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মুর্শিদাবাদ ,২৫ মার্চ :** মুর্শিদাবাদ জেলা পুলিশ মঙ্গলবার রাতে জেলার নওদা,হরিহরপাড়া,রানীতলা ও ভববানগোলা থানা এলাকায় বিশেষ অভিযান চালিয়ে পাঁচ ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। আটক ব্যক্তিদের হেফাজত থেকে তল্লাশীতে উদ্ধার হয় চারটি আগ্নেয়াস্ত্র সহ ছয় রাউন্ড গুলি। আটক ব্যক্তিদের গ্রেপ্তার করে সংশ্লিষ্ট থানায় নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে ধৃতদের আদালতে পাঠিয়েছে পুলিশ। পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে পুলিশ। আসন্ন নির্বাচনের আগে অস্ত্র উদ্ধারের ঘটনায় ব্যপক চাঞ্চল্য ছড়িয়েছে জেলাজুড়ে।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |